



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2021

গভর্নর ক্যাথি হোচুল

## কোভিড-19 কেসের শীতকালীন বৃদ্ধি সম্পর্কে গভর্নর হোচুলের বিবৃতি

"আমি প্রেসিডেন্ট বাইডেনকে দেশব্যাপী কোভিড -19 শীতকালীন বৃদ্ধির বিরুদ্ধে লড়াইয়ের জন্য এবং ওমিক্রন ভেরিয়েন্টের দ্রুত বিস্তারের বিরুদ্ধে বিস্তৃত পদক্ষেপ নেওয়ার জন্য তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই।

আমাদের রাজ্যের বিস্তৃত শীতকালীন বৃদ্ধির পরিকল্পনার অংশ হিসাবে, আমরা নিউ ইয়র্ক স্টেটের সমস্ত কোণায় টিকা, বুস্টার, পরীক্ষা এবং মাস্ক আরও ব্যাপকভাবে উপলব্ধ করার জন্য সাহসী পদক্ষেপ নিয়েছি এবং আমরা হাসপাতাল সিস্টেমগুলিকে ত্রাণ প্রদান করতে থাকব যাতে তারা সমস্ত নিউ ইয়র্কবাসীদের পরিচর্যা প্রদান করার উপর দৃষ্টি নিবদ্ধ করে থাকতে পারে।

প্রেসিডেন্ট এবং আমি আজকে এই বৃদ্ধির মোকাবেলা করার বিষয়ে আবার কথা বলেছি, এবং আমি কৃতজ্ঞ যে তিনি আমাদের হাসপাতাল এবং স্বাস্থ্য ব্যবস্থাকে সমর্থন করার উদ্দেশ্যে অতিরিক্ত কর্মীদের জন্য আমাদের অনুরোধে সাড়া দিচ্ছেন, যার মধ্যে আছে আপস্টেট এলাকায় কর্মী সহ 30-টি অ্যাম্বুলেন্স মোতায়েন করা; নিউ ইয়র্ক সিটিতে ক্রিসমাসের আগে চালু হওয়া প্রথমটি সহ নতুন গণ পরীক্ষার সাইটগুলি; এবং আমেরিকানদের সরাসরি তাদের বাড়িতে পাঠানো দ্রুত পরীক্ষাগুলি। একেই বলে আসল নেতৃত্ব।

আমরা শীতকালীন বৃদ্ধি নিয়ে লড়াই করার সময় নিউ ইয়র্ক স্টেটকে সহায়তা প্রদান করার জন্য বাইডেন প্রশাসনের সাথে আমাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য উদগ্রীব।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418